ঝিনাইদহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি, করোনা মোকাবেলা এবং দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বিশেষ সভা

ঝিনাইদহে আইন-শৃঙ্খলা পরিস্থিতি, করোনা মোকাবেলা এবং দ্রব্যমূল্য ও বাজার মনিটরিং সংক্রান্ত বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার দুপুরে সার্কিট হাউজ মিলনায়তনে প্রশাসন ও সুধীজনদের সমন্বয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসক সরোজ কুমার নাথের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু ।

এ সময় বক্তারা আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে পুলিশি টহল বৃদ্ধি, শীতে করোনা মোকাবেলায় স্বাস্থ্য বিধি বাস্তবায়নে এবং বাজারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রন রাখতে নজরদারি বৃদ্ধিতে প্রশাসনকে জোরালো পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন।

সাগান্নায় জেল হত্যা দিবস উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত

১৫ই আগস্টের নির্মম হত্যাকাণ্ডের পর তিন মাসেরও কম সময়ের মধ্যে মুক্তিযুদ্ধের অন্যতম বীর সেনানী ও চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দিন আহমেদ, এএইচএম কামরুজ্জামান এবং ক্যাপ্টেন মনসুর আলীকে এই দিনে ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে নির্মমভাবে হত্যা করা হয়। এর আগে ১৫ই আগস্টের পর এই চার জাতীয়

সৈয়দ নজরুল ইসলামের পুত্র সৈয়দ আশরাফুল ইসলামের আবেদনক্রমে স্যার থমাস উইলিয়ামস, কিউ. সি. এমপি’র নেতৃত্বে এই কমিশন গঠনের উদ্যোগ নেওয়া হয়। ওই সময় বাংলাদেশ ও বিদেশে অনুষ্ঠিত জনসভাসমূহে এ আবেদনটি ব্যাপকভাবে সমর্থিত হয়েছিল। একটি কুচক্রী মহল বাংলাদেশের অগ্রগতি নষ্ট করে দেয়ার চেষ্টার অংশ হিসেবে এই চার নেতাকে হত্যা করেছিল কিন্তু তারা সফল হয়নি।

মহান আল্লাহর কাছে এই চার নেতার আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

জীবননগরে চুরির অপবাদে কর্মচারীকে নির্যাতন, নির্যাতনকারি টিন ব্যবসায়ী আটক

জীবননগর শহরের টিন ব্যবসায়ী হক মেশিনারি’র স্বত্বাধিকারী হাজী সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হকের বিরুদ্ধে দোকান থেকে ২ হাজার টাকা চুরির মিথ্যা অপবাদ দিয়ে দোকানের ম্যানেজার খলিল মিজিকে নির্মম ভাবে নির্যাতনের অভিযোগ উঠেছে।

আহত দোকান ম্যানেজারের স্ত্রী বাদি হয়ে জীবননগর থানায় সোমবার রাতে লিখিত অভিযোগ দিলে রাতেই নির্যাতনকারী সাইদুল হককে গ্রেপ্তার করেন জীবননগর থানা পুলিশ।
আহত ম্যানেজার খলিল মিজি (৫৫) জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামের মৃত আবেদ আলীর ছেলে

আহত খলিল মিজি বলেন, আমি দীর্ঘ প্রায় ৬ বছর ধরে জীবননগর শহরের টিন ব্যবসায়ী হাজী সাইদুল হকের দোকানে ম্যানেজার হিসেবে কাজ করে আসছি। প্রতিদিনের মতো রোববার সকালে আমি দোকানে গিয়ে খাতা-পত্র নিয়ে হিসাব নিকাশের কাজ করতে থাকি। হঠাৎ দোকানের মালিক হাজী

সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হক আমাকে গিয়ে বলে মার্কেট থেকে বাকির আদায় করা কালেকশনের টাকা থেকে দুই হাজার টাকা কম হচ্ছে। আমি তখন তাদেরকে জানাই, আমি আমার পাওনা বেতনের টাকা থেকে আমার নামে খরচ লিখে পাঁচশত টাকা নিয়েছি। কম হওয়া টাকা সম্পর্কে আমার জানা নাই।

যে মার্কেট থেকে কালেকশন করেছে তাকে জিজ্ঞাসা করতে বললে, তখন তারা আমার উপর ক্ষিপ্ত হয়ে কাঠের বাটাম দিয়ে মারপিট করতে থাকে । এভাবে তারা দুই ভাই আমাকে দোকানে আটকিয়ে রেখে পর্যায়ক্রমে দুপুর তিনটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত অমানবিক নির্যাতন করতে থাকে আর আমাকে এই মিথ্যা চুরির কথা স্বীকার করতে বলে। একপর্যায়ে আমি জ্ঞান হারিয়ে ফেললে আমার বাড়িতে খবর দিয়ে আমার স্ত্রী আসলে ভ্যান যোগে বাড়িতে পাঠিয়ে দেয় এবং এই কথা কাউকে না জানানোর জন্য হুমকি দেয়।

আমি আমার স্ত্রী কলেজ পড়ুয়া কন্যা সন্তানের মুখের দিকে তাকিয়ে লোকলজ্জা ও হাজী সাহেবদের ভয়ে কাউকে বিষয়টি জানায়নি বাড়িতে থেকেই চিকিৎসা নিতে থাকি। আজ আমার শারীরিক অবস্থা খারাপ দেখে আত্মীয়স্বজনরা জীবননগর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করান। আমি আমার উপর মিথ্যা চুরির অপরাধ দিয়ে অমানবিক নির্যাতনের বিচার চাই। আমি যদি চোর হতাম তাহলে দীর্ঘ ৩০ বছর ধরে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ম্যানেজার হিসেবে কিভাবে চাকরি করে আসছি ? আমি তাদের এখানেই ৬ বছর ধরে ম্যানেজার হিসেবে চাকরি করছি।

এ ব্যাপারে জীবননগর থানা অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন, আহত খলিল মিজির স্ত্রী বাদী হয়ে জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দিলে হাসপাতালে তাৎক্ষণিক পুলিশের একটি টিম পাঠিয়ে ভিকটিমের শারীরিক অবস্থা খোঁজ নিয়ে রাত সাড়ে ১২ টার দিকে নির্যাতনকারী ব্যবসায়ী সাইদুল হককে গ্রেপ্তার করা হয়।

মহানবী হযরত মোহাম্মদ (সাঃ)

কে নিয়ে ব্যঙ্গচিত্রের প্রতিবাদে আন্দুলবাড়ীয়াই বিক্ষোভ মিছিল

ফ্রান্সের রাষ্ট্রীয় মদদে হযরত মোহাম্মদ (সাঃ) কে নিয়ে ব্যঙ্গচিত্র প্রদর্শন ও মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় অনুভুতিতে আঘাত করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে চারটার দিকে আন্দুলবাড়ীয়াই ইমাম মুয়াজ্জিন কল্যাণ পরিষদের উদ্যোগে আন্দুলবাড়ীয়ার দোয়েলচত্বরে প্রতিবাদ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ইমাম মুয়াজ্জিনদের নেতত্বে আন্দুলবাড়ীয়ার বিভিন্ন গ্রাম থেকে প্রতিবাদী জনতা বিভিন্ন রকমের বেনার, ফেস্টুন হাতে নিয়ে সমাবেশে যোগদেন। আন্দুলবাড়ীয়ার ইমাম মুয়াজ্জিনের নেতত্বে আন্দুলবাড়ীয়ার প্রধান প্রধান সড়ক গুলো প্রতিবাদী মিছিল নিয়ে প্রদর্শন করেন, এ সময় নিশ্চিন্তপুর থেকে রকির নেতৃত্বে এক বিশাল প্রতিবাদী জনতা মিছিলে যোগদেন।

এই প্রতিবাদ ও মানববন্ধনে বক্তব্য রাখেন ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ পরিষদের সভাপতি মাও. মোহাম্মদ আনোয়ার হোসেন, আন্দুলবাড়ীয়ার ইউপির সাবেক চেয়ারম্যান মোঃ সাখাওয়াত হোসেন, আন্দুলবাড়ীয়া ইউপি চেয়ারম্যান শেখ শফিকুল ইসলাম মোক্তার, পাকা দাখিল মাদ্রাসার সুপার মাও. মোঃ ওহেদুর জামান, আন্দুলবাড়ীয়া মোহাম্মদিয়া দারুল উলুম কওমি মাদ্রাসার মুহতামিম প্রমুখ।

বক্তারা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে ফ্রান্সের সকল পণ্য বর্জন ও জড়িতোদের গ্রেপ্তার করে আইনের আওতায় আনার দাবি জানান।

উক্ত মানববন্ধন পরিচালনা করেন মাও. মোঃ তরিকুল ইসলাম। দোয়া ও মোনাজাতের মাধ্যমে প্রতিবাদ সমাবেশ শেষ হয়। দোয়া পরিচালনা করেন আন্দুলবাড়ীয়া আশরাফিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মোঃ সাইফুজ্জামান।

জীবননগরে জেল হত্যা দিবস পালিত

জীবননগরে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা ও মাহফিলের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় পতাকা, কালো পতাকা উত্তোলন, আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মোশাররফ হোসেন মিয়ার সভাপতিত্বে আলোচনায় বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ অবঃ মোঃ নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মোঃ আঃ লতিফ অমল, পৌর আওয়ামী লীগের সভাপতি মোঃ নাসির উদ্দীন,

জীবননগর উপজেলা যুবলীগ সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

শৈলকুপায় সংঘর্ষ থামাতে গিয়ে প্রাণ গেল আদিবাসী নারীর

নিজ জামাইয়ের সাথে প্রতিপক্ষের সংঘর্ষ থামাতে গিয়ে ঘটনাস্থলেই মৃত্যুর কোলে ঢলে পড়লো লতা বালা (৫৫) নামের এক আদিবাসী নারী।

ঘটনাটি সোমবার রাত সাড়ে সাতটার দিকে ঝিনাইদহের শৈলকুপার ৫নং কাচেরকোল ইউনিয়নের মধুদহ আদিবাসী পল্লীতে। তবে মারা যাওয়া নারীর ছেলের অভিযোগ কিল ঘুসিতেই তার মৃত্যু হয়েছে। পুলিশ রাতেই ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ মর্গে প্রেরণ করে বলে

জানা যায়। লতা বালা আদিবাসী পল্লীর আসু সরকারের স্ত্রী।

স্থানীয়রা জানান, দীর্ঘদিন লতা বালার জামাই বিদ্যুৎ সরাকর ও একই পল্লীর খোকন সরকারের মধ্যে বিরোধ চলে আসছে। এরই জের ধরে সোমবার রাত সাড়ে সাতটার দিকে উভয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

এ সময় সংঘর্ষ থামাতে গিয়ে বিদ্যুৎ সরকারের শাশুড়ি লতা বালা ঘটনাস্থলে মারা যায়। লতা বালার ছেলে রাম সরকারের অভিযোগ, তার ভগ্নিপতির সাথে খোকন সরকারের সংঘর্ষের সময় এলোপাতাড়ি কিলঘুষিতে তার মায়ের মৃত্যু হয়েছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন পুলিশের প্রাথমিক ধারনা শৈলকুপার কাচেরকোল ইউনিয়নের মধুদহ আদিবাসী পল্লীতে দুই ব্যক্তির সংঘর্ষ দেখে আতংকে হয়ত হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে লতা বালার মৃত্যু হয়েছে। তবে ময়না তদন্তের রিপোর্ট পর্যন্ত অপেক্ষা করতে হবে বলে তিনি জানান।

মহানবী হযরত (সা:) এর ব্যঙ্গচিত্রের প্রতিবাদে মেহেরপুরে বিক্ষোভ মিছিল

ফ্রান্সে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় মহানবী হযরত মুহাম্মদ (সা:) এর ব্যঙ্গচিত্র প্রদর্শনের প্রতিবাদে মেহেরপুরের আলমপুরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করা হয়েছে।

মঙ্গলবার বিকালে আলমপুর উত্তর পড়ার জামে মসজিদের সাধারণ সম্পাদক মহাদ্দেছ আলীর সভাপতিত্বে এই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সময় বিক্ষোভ মিছিলটি মেহেরপুর আলমপুর মোড় থেকে শুরু করে মেহেরপুর গাংনী উপজেলার গাড়াডোবের মোড় ঘুরে একই স্থানে ফিরে এসে শেষ হয়। সমাবেশে বক্তারা ফ্রান্স সরকারের কর্মকাণ্ডের সমালোচনা করে ফ্রান্সের সব ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, আমঝুপি ইউনিয়নের ২ নং ওর্য়ড আওয়ামী লীগের সেক্রেটারি আবুল হাসেম, হাফেজ মোঃ মফিদুল ইসলাম, সাজেদুল ইসলাম, ইউনুস, সাগর, সোহেল রানা, সবুজ, নিশান, আবুজার, নয়ন মাসুম প্রমুখ।

হরিণাকুণ্ডুতে গলাই ফাঁস দিয়ে কলেজ ছাত্রের আত্মহত্যা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার মহারাজপুর গ্রামের মহন আলীর ছোট ছেলে মাসুদ রানা মুন্না গলাই ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

মঙ্গলবার সকালে নিজ শয়নকক্ষে গলাই ফাঁস দিয়ে এ আত্মহত্যা করেছে বলে জানা গেছে। নিহত মাসুদ রানা হরিণাকুণ্ডু সরকারি লালনশাহ কলেজের একাদশ শ্রেণীর ছাত্র।

প্রতিবেশীদের ধারনা পরিবারিক কলহের কারণে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে পিতা-মা’র উপর অভিমান করে এ আত্মহত্যা হতে পারে।

এ ঘটনায় হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা জানান, প্রাথমিক ভাবে আত্মহত্যা বলে ধারনা করা হচ্ছে তবে তদন্তের দায়িত্বপ্রাপ্ত এসআইকে বিষয়টি ভালো ভাবে ক্ষতিয়ে দেখার জন্য বলা হয়েছে।

তিনি আরও বলেন, লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে নতুন করে আজ পাঁচ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ০৫ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৬৭০ জন।

নতুন প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ২৩ টি। এর মধ্যে ০৫ টি পজিটিভ (সদর- ২, গাংনী- ৩ )। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৪৫৯৩ টি। এর মধ্যে করোনা পজেটিভ ৬৭০ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২৪ টি (সদর- ১২ গাংনী- ০৭ মুজিবনগর- ০৫) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১৬ জন। । এ পর্যন্ত সুস্থ্য হয়েছে ৫৭৬ জন।

বিভিন্ন সূত্রে পাওয়া পজিটিভদের পরিচয় গাংনী বেতবাড়িয়ার রাফি আহমেদ(০৫), রুপিয়া খাতুন(৪৫), ইউএনও অফিস সুরাইয়া বেগম(৬০), বাকি দুই জন মেহেরপুর শহরের নিউ কেয়া স্টোর রাওজাতুন্নেসা(৯০), সদরের আহমদ গ্রামের আসাদুল হক(৫২)।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ত্রিশ পিচ ইয়াবাসহ একাধিক মাদক মামলার আসামি মৃত হুদা সাং এর ছেলে বাকেরুল ইসলাম বাকি (৩৬) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

মঙ্গলবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় তিনি বলেন, মেহেরপুর গাংনী থানার মোহাম্মদপুরে গোপন

সংবাদের ভিত্তিতে এই অভিযান পরিচালনা করে বাকেরুল ইসলাম বাকি কে ত্রিশ পিচ ইয়াবাসহ আটক করা হয়।

এ সময় তিনি আরো জানান, আটককৃত বাকেরুল ইসলাম বাকি বিরুদ্ধে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন। এবং মোহাম্মদপুর থানায় ০২ টি মাদক মামলা বিচারাধীন আছে।

মেপ্র/এমএফআর